

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭১৪(আগরতলা, ১৪।১১)
বিশালগড়, ১৪ নভেম্বর, ২০১৭

নারীমঙ্গল উচ্চ বিদ্যালয়ে শিক্ষক-অভিভাবক সম্মেলন

নারীমঙ্গল উচ্চবিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী এবং শিক্ষক ও অভিভাবক সম্মেলন গতকাল অনুষ্ঠান হয়। বিদ্যালয়ের বি.আর.সি হলে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি ফখর উদ্দীন আহমেদ। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, বিদ্যালয়গুলিতে গুণগত শিক্ষার মান উন্নয়নে এধরনের অনুষ্ঠান ছাত্র-ছাত্রীদের মধ্যে পড়াশোনা উৎসাহ বাড়াতে সহায়ক হবে। ছাত্র-ছাত্রীদের পড়াশোনার মান উন্নয়নে শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকদের আরও যত্নবান হতে তিনি আহ্বান জানান। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে বিশালগড় পুরপরিষদের চেয়ারপার্সন পূর্ণিমা চক্রবর্তী শিক্ষার মান উন্নয়নে ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের মধ্যে মত বিনিময় করার উপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে গত বছরের বার্ষিক পরীক্ষায় ষষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত ৭ জনকে এবং বিদ্যালয়ে সর্বোচ্চ উপস্থিতির জন্য ৫ জন ছাত্র-ছাত্রীকে পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট বিদ্যালয় পরিচালন কমিটির সদস্য গৌরঙ্গপ্রসাদ দত্ত এবং প্রবীর চক্রবর্তী। স্বাগত ভাষণ রাখেন বিশালগড় উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মিঠুন রায়। সভাপতিত্ব করেন বিশালগড় উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ঝর্ণা দেববর্মা।

This document is a watermark of SmartPDFConverter.com. To remove this message product at www.SmartPDFConverter.com